অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/11/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো ছুটির মৌসুমে মাতাল অবস্থায় গাড়ি চালানোর উপরে কঠোর ব্যবস্থা নেয়ার ঘোষণা দিয়েছেন

আইন প্রয়োগকারী সংস্থার নেশামুক্ত হয়ে গাড়ি চালান নয়ত ধরা দিন (Drive Sober or Get Pulled Over) নামের প্রচারাভিযান ডিসেম্বর 11 থেকে জানুয়ারি 1 তারিখ পর্যন্ত চলবে

গত বছরের আইন প্রয়োগকারী সংস্থার চালানোর প্রচারাভিযানে স্টেট জুড়ে 144,000টিরও বেশি যানবাহনকে ও ট্র্যাফিক আইন লঙ্ঘনের জন্য টিকিট দেয়া হয়েছে এবং 4,142 জনকে মাতাল অবস্থায় গাড়ি চালনার জন্য গ্রেফতার করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজুড়ে ঘোষণা দিয়েছেন যে স্টেট ও স্থানীয় আইনপ্রয়োগকারী সংস্থাগুলো নিউ ইয়র্ক জুড়ে ভ্রমণ করার ব্যস্ত ছুটির দিনগুলোতে মাতাল হয়ে গাড়ি চালানোর উপরে কঠোর ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে টহল বৃদ্ধি করবে। আইন প্রয়োগের এই প্রচারাভিযানটি ডিসেম্বর 11 বুধবার থেকে শুরু হয়ে জানুয়ারি 1 বুধবার পর্যন্ত চলবে। জাতীয় "নেশামুক্ত হয়ে গাড়ি চালান নয়ত ধরা দিন" উদ্যোগের অংশ হিসেবে, এই ব্যবস্থা মদ এবং মাদক-সংশ্লিষ্ট যানবাহন দুর্ঘটনা কমানোর উদ্দেশ্যে গ্রহণ করা হয়েছে। এটি গভর্নরের ট্র্যাফিক সুরক্ষা কমিটির (Governor's Traffic Safety Committee, GTSC) অর্থায়নে মাতাল হয়ে গাড়ি চালানোর বিষয়ক বিশেষ ট্র্যাফিক বিকল্প প্রোগ্রাম (Special Traffic Options Program) কর্তৃক স্পনসর করা হয়েছে।

"আমরা চাই নিউ ইয়র্কবাসীরা নিরাপদে ভ্রমণ করুক যাতে করে তারা ছুটিগুলো তাদের বন্ধুবান্ধব এবং পরিবারের সাথে উদযাপন করতে পারে," **গভর্নর কুওমো বলেন**। "মাতাল অবস্থায় গাড়ি চালানোর সময় একজন চালক নিজের এবং অন্যদের জন্য যে বিপদ তৈরি করে তা বিবেচনা করার জন্য আমি প্রতিটি চালককে অনুরোধ করছি। মাতাল হয়ে গাড়ি চালানোর অপরাধে শূন্য সহনশীলতা প্রদর্শন করা হবে এবং মাতাল চালকরা ধরা পড়ছে এবং আইনের আওতায় আনা হচ্ছে তা নিশ্চিত করার উদ্দেশ্যে স্টেট এবং স্থানীয় আইন প্রয়োগকারীরা বেশি বেশি টহল দিবে।"

আইন প্রয়োগকারী প্রচারাভিযান শুরু করার উদ্দেশ্যে, আজ আলবানির ক্রসগেটস মলে (Crossgates Mall) একটি প্রেস ইভেন্ট অনুষ্ঠিত হয়। গভর্নরের ট্রাফিক সুরক্ষা কমিটি (GTSC) এবং মোটর যান দপ্তরের (Department of Motor Vehicles, DMV) কর্মকর্তাগণের সাথে স্টেট এবং স্থানীয় আইনপ্রয়োগকারী সংস্থা ও সমগ্র স্টেট থেকে মাতাল অবস্থায় গাড়ি চালনা বন্ধ করুন (STOP-DWI) সমন্বয়করা যোগদান করেন। মাদক ও মদের ক্ষতির প্রভাব এবং কিভাবে একজন ব্যক্তির

গাড়ি চালনার ক্ষমতাকে মাদক বা মদ প্রভাবিত করে তা আরও ভালোভাবে বুঝতে এই ইভেন্টের পর, ক্রেতাদের বিশেষায়িত চশমা পড়ার সুযোগ ছিল।

2018 আইন প্রয়োগ প্রচারাভিযান চলাকালে, স্টেট জুড়ে আইন প্রয়োগ অভিযান 4,142 জনকে মাতাল হয়ে গাড়ি চালানোর জন্য গ্রেফতার করে এবং যানবাহন ও ট্রাফিক আইন লঙ্ঘনের জন্য 144,197টি টিকিট জারি করে।

নিউইয়র্কের মোটর যান দপ্তরের (Department of Motor and Vehicle) কমিশনার ও গভর্নরের ট্রাফিক সুরক্ষা কমিটির (GTSC) সভাপতি মার্ক জে.এফ. শ্রোডার বলেন, "পরিবার এবং বন্ধুবান্ধবদের সাথে দেখা করার উদ্দেশ্যে চালকরা এই ছুটির মৌসুমে ভ্রমণ করায় দায়িত্বশীল ড্রাইভিংকে অবশ্যই প্রথমে অগ্রাধিকার দিতে হবে। মাতাল হয়ে গাড়ি চালানো অমার্জনীয় এবং অকারণে সড়কে চলাচল করা আপনাকে এবং অন্যকে বিপদে ফেলে। আমি স্টেট জুড়ে আমাদের আইন প্রয়োগকারী সংস্থা এবং মাতাল হয়ে গাড়ি চালানো বন্ধ করুন-এর সমন্বয়কারীদের সবাইকে মাতাল হয়ে গাড়িতে চালানোকে আমাদের সড়ক থেকে উচ্ছেদ করার উদ্দেশ্যে তাদের প্রচেষ্টার জন্য সাধুবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশ-এর সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরলেট বলেন, "সারা বছর ধরে, আমাদের সদস্যরা মাতাল হয়ে গাড়ি চালানোর কারণে হওয়া দুর্ঘটনা হ্রাস করতে এবং ট্রাফিক সুরক্ষার প্রচারের উদ্দেশ্যে নিরলসভাবে কাজ করে। ছুটির মৌসুমে আমাদের লক্ষ্য হচ্ছে আমাদের সড়কগুলো থেকে নেশাগ্রস্ত ও মাতাল গাড়ি চালকদেরকে অন্যান্য চালক এবং তাদের যাত্রীদের আহত বা হত্যা করার আগেই উচ্ছেদ করার পদক্ষেপ গ্রহণ করা, এবং উদযাপনকালে সবাইকে দায়িত্বশীলভাবে গাড়ি চালানোর কথা মনে করিয়ে দেয়া। সবাই একটি হাসিখুশী ছুটি কাটাক এটি চাওয়ার পাশাপাশি আমরা এটিও চাই যে যাতে সেই ছুটিটি নিরাপদ হয়।"

ওনাইডা কাউন্টি শেরিফ এবং নিউ ইয়র্ক সিটির শেরিফ অ্যাসোসিয়েশনের (NYS Sheriffs' Association) সভাপতি রবার্ট ম্যাকয়েল বলেন, "নিউ ইয়র্ক স্টেটের শেরিফরা চান আপনার ছুটির আনন্দময় এবং উপভোগ্য হোক। আমরা এও চাই যে সবাই নিরাপদ থাকুক, সেজন্য আমাদের ডেপুটিরা মাতাল হয়ে গাড়ি চালানো দমন করার উদ্দেশ্যে কার্যকর থাকবে। মাতাল বা মাদকাসক্ত অবস্থায় গাড়ি চালানো প্রতিরোধযোগ্য, ফলে একটি পরিকল্পনা রাখুন; নিজেকে, আপনার যাত্রীকে কিংবা অন্যকে রাস্তায় হত্যা বা আহত করবেন না।"

নিউ ইয়র্ক সিটি পুলিশ প্রধানদের অ্যাসোসিয়েশনের (NYS Association of Chiefs of Police) সভাপতি, চিফ প্যাট্রিক ডি.ফেলান বলেন, "আমি আমাদের অ্যাসোসিয়েশন সকল সদস্যদের স্টেটব্যাপী এই গুরুত্বপূর্ণ সক্রিয় আইন প্রয়োগকারী প্রচারাভিযানে অংশ নেয়ার জন্য উৎসাহিত করছি। মহাসড়ক থেকে নেশাগ্রস্থ গাড়ি চালানো বন্ধে বা অপসারণ করার উদ্দেশ্যে এবং ছুটির মৌসুমে ভ্রমণকে যতটা সম্ভব নিরাপদ করায় ট্রাফিক সুরক্ষা সমর্থকদের সাথে স্টেটব্যাপী আমাদের অংশীদারিত্বের উদ্দেশ্য এক।"

নেশাগ্রস্থ অবস্থায় গাড়ি চালানো মোকাবেলায় নিউইয়র্কের প্রচেষ্টার একটি প্রধান উপাদান হল নেশাগ্রস্থ অবস্থায় চালনার জন্য বিশেষ ট্র্যাফিক বিকল্প প্রোগ্রাম (Special Traffic Options Program)। স্টেটের মাতাল হয়ে গাড়ি চালানো বন্ধ করুন কর্মসূচিটি দেশের প্রথম স্বনির্ভরশীল নেশাগ্রস্থ গাড়ি চালনা কর্মসূচি। কর্মসূচিটি দোষী মাতাল চালকদের কর্তৃক প্রদানকৃত জরিমান থেকে অর্থায়ন করা হয়। প্রোগ্রাম সমন্বয়কারীরা আইন প্রয়োগকারী এবং নন-ল আইন প্রয়োগকারী (Non-law enforcement) সহ বিভিন্ন পেশাদার ব্যাকগ্রাউন্ডের সমন্বয়ে গঠিত।

মদ ও অন্যান্য মাদক সংক্রান্ত ট্রাফিক দুর্ঘটনা কমাতে স্থানীয় প্রচেষ্টার সমন্বয়ের উদ্দেশ্যে কাউন্টিগুলর ক্ষমতায়নে এই মাতাল হয়ে গাড়ি চালানোর বন্ধু করুন কর্মসূচি তৈরি করা হয়েছিল। 62 কাউন্টির সবগুলো অংশগ্রহণ করেছিল। মাতাল হয়ে গাড়ি চালানো বন্ধ করুন কর্তৃক অর্থায়ন করা কয়েকটি প্রোগ্রামের উদাহরণ হল: মাতাল হয়ে গাড়ি চালনা বন্ধ করা প্রয়োগের জন্য নিবেদিত বিশেষভাবে প্রশিক্ষিত পুলিশ ইউনিট, মামলার ভার পরিচালনার জন্য বিশেষ প্রসিকিউটর এবং প্রবেশন অফিসারদের নিয়োগ, ইগনিশন ইন্টারলক ডিভাইসগুলো পর্যবেক্ষণ, পুনর্বাসন পরিষেবাগুলো সহায়তা, এবং তাদের নিজ অঞ্চলের সম্প্রদায়ের জন্য উপযুক্ত করে পাবলিক তথ্য এবং শিক্ষা প্রচার করা। আরও জানতে, http://www.stopdwi.org/ পরিদর্শন করুন।

মাতাল হতে গাড়ি চালানো বন্ধ করুন ছাড়াও, গভর্নরের ট্রাফিক সুরক্ষা কমিটি মাদক শনাক্তকরণ বিশেষজ্ঞ (Drug Recognition Experts, DRE) প্রশিক্ষণে সহায়তা করে। মাদক শনাক্তকরণ বিশেষজ্ঞ (DRE) হচ্ছে বিশেষভাবে প্রশিক্ষিত এমন অফিসার যাদেরকে আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক যখন কোনো চালককে আপাতভাবে মাতাল মনে হলেও, মদকে নেশাগ্রস্থ হবার কারণ কিংবা একমাত্র কারণ হিসেবে বিবেচনা করে না তখন ব্যবহার করা হয়। প্রতিটি DRE বিস্তৃত প্রশিক্ষণ গ্রহণ করে যা জাতীয় মহাসড়ক ট্র্যাফিক সুরক্ষা অ্যাডমিনিস্ট্রেশন (National Highway Traffic Safety Administration) এবং আন্তর্জাতিক পুলিশ প্রধানদের অ্যাসোসিয়েশন কর্তৃক অনুমোদিত। প্রশিক্ষণ অফিসারদেরকে অবৈধ ও প্রেসক্রিপশন ড্রাগ সহ সাতটি মাদক ক্যাটাগরির মধ্যে প্রত্যেকটিতে থাকা দুর্বলতার লক্ষণ এবং নির্দেশকগুলো পর্যবেক্ষণ ও প্রমাণ করতে সমর্থ করে। GTSC সম্পর্কে আরো তথ্যের জন্য, safeny.ny.gov ভিজিট করুন, অথবা ফেসবুক ও টুইটারে GTSC কথোপকথন অনুসরণকরুন।

DMV সম্পর্কে আরো তথ্যের জন্য, dmv.ny.gov ভিজিট করুন, অথবা অনলাইনে ফেসবুক, টুইটার এবং ইনস্টাগ্রামে DMV কথোপকথন অনুসরণ করুন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন